বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

তারিখ ... 16 JUL 1995 ...
পৃষ্ঠা ১২ কলাম ১

31

শিক্ষার জন্য খাদ্য

# ১২৫০টি ইউনিয়নে সম্প্রসারণ করা হবে

মিডিয়া সিন্ডিকেট ঃ সরকার দেশে দরিদ্র পরিবারের শিশুদের ভর্তি ও উপস্থিতির হার বৃদ্ধি এবং ঝরে পড়ার হার রোধকল্পে ৪শ'৬০টি ইউনিয়নের ৪ হাজার ৭শ' ৮৮টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার জন্য খাদ্য' কর্মসূচী প্রবর্তন করেছে। এর ফলে দেশে ৭ লাখ শিশু উপকৃত হয়েছে। যা ১৯৯৩-৯৪ অর্থ বছরে গৃহীত কর্মসূচীর ফসল।

বর্তমান অর্থবছরে শিক্ষার জন্যে খাদ্য, কর্মসূচী ১ হাজারটি ইউনিয়নে সম্প্রসারণ করা হয়েছে এবং প্রায় ১৪ লাখের অধিক ছাত্র-ছাত্রী উপকৃত হচ্ছে। আগামী বছরে ৩ শ' কোটি টাকা ব্যয়ে এ কর্মসূচী দেশের ১ হাজার ২শ' ৫০টি ইউনিয়নে সম্প্রসারণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।